

দৈনিক ইত্তেফাক, ২৬ জানুয়ারী, ২০১৫

বাংলাদেশ সচিবালয়ের সঙ্গে, সচিবালয়ের বাহিরে কর্মরত কর্মচারীদের, পদ বৈষম্য দূর করার জন্য

মাননীয় প্রধানমন্ত্রী সমীপে আকুল আবেদন

সরকার ১৩-০৯-১৯৯৫ তারিখের তৎকালীন সংস্থাপন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের ১৭০ নং প্রজ্ঞাপনে বাংলাদেশ সচিবালয়ের ভিতরে কর্মরত প্রধান সহকারী, উচ্চমান সহকারী, শাখা সহকারী ও বাজেট পরীক্ষক পদগুলোকে প্রশাসনিক কর্মকর্তা পদে উন্নীত করে এবং ২৮-০৪-১৯৯৭ তারিখের কল্যান শাখার ৬৪ নং প্রজ্ঞাপনে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তার মর্যাদা ও বেতন স্কেল প্রদান করে। কিন্তু সচিবালয়ের বাহিরে বিভিন্ন অধিদপ্তর, দপ্তর এবং পরিদপ্তরে কর্মরত প্রধান সহকারী, উচ্চমান সহকারী ও সমমানের পদগুলো অভিন্ন নিয়োগ বিধি ও সমযোগ্যতা সম্পন্ন হওয়া সত্ত্বেও অদ্যাবধি এ পদগুলোকে সচিবালয়ের সমান মর্যাদা দেয়া হয় নি। ফলে সচিবালয়ের সঙ্গে সচিবালয়ের বাহিরের কর্মচারীদের পদ বৈষম্য সৃষ্টি হয়।

এ বৈষম্যের বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রীম কোর্টে কর্মরত উচ্চমান সহকারীগণ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৭৪৭৮/২০০৩ দায়ের করেন। রিট পিটিশনের রায় মোতাবেক সরকার বাংলাদেশ সুপ্রীম কোর্টে কর্মরত উচ্চমান সহকারীগণকে সচিবালয়ের ন্যায় দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তার মর্যাদা ও বেতন স্কেল প্রদান করে। মহামান্য হাইকোর্ট বিভাগ এ রায়ে সুনির্দিষ্টভাবে উল্লেখ করেন অনুরূপ পদে কর্মরত দেশের সকল কর্মচারী এ বৈষম্যের শিকার; যা সংবিধানের ২৭ অনুচ্ছেদের পরিপন্থী।

বিষয়টি তলে ধরে মাননীয় প্রধানমন্ত্রী বরাবরে স্মারকলিপি দেয়া হলে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৯-০২-২০১২ তারিখের ০১১.২০১১-৪২ নং স্মারকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে নির্দেশ দেয়া হয়। তদপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পদবী পরিবর্তন সংক্রান্ত স্থায়ী কমিটি বিষয়টি নিয়ে একাধিক বৈঠক করেন। বৈঠকের সিদ্ধান্তক্রমে পরিসংখ্যান ও গবেষণা সেল থেকে তথ্য সংগ্রহ করা হয়, বিধি শাখার মতামত গ্রহণ করা হয় এবং সকল মন্ত্রণালয়ের মাধ্যমে দেশের সকল সরকারী দপ্তর ও প্রতিষ্ঠান থেকে এতদ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হয়। ইতোমধ্যে জাতীয় বেতন ও চাকুরী কমিশন গঠিত হয়। জাতীয় বেতন ও চাকুরী কমিশন এ পদ বৈষম্য দূর করার জন্য সচিবালয়ের ন্যায় সম পদ মর্যাদা ও সম বেতন স্কেল প্রদানের সুপারিশ করেছেন বলে বিভিন্ন গণমাধ্যম থেকে জানা যায়।

একটি বৈষম্যহীন সমাজ গঠনের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধুর নেতৃত্বে এ দেশ স্বাধীন হয়েছে। তাই সচিবালয়ের সঙ্গে পদ বৈষম্য দূর করার নিমিত্ত, সচিবালয়ের বাহিরে কর্মরত প্রধান সহকারী, উচ্চমান সহকারী ও সমমানের পদগুলোকে সচিবালয়ের ন্যায় দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা ও বেতন স্কেলে প্রশাসনিক কর্মকর্তা হিসেবে পদবী পরিবর্তন করার ঘোষণা দেয়ার জন্য বাংলার অবিসংবাদিত নেতা, গণতন্ত্রের মানস কন্যা মাননীয় প্রধানমন্ত্রী সমীপে আকুল আবেদন জানাচ্ছি।

মোঃ নোজাম্মেল হক
মহাসচিব
০১৭৯৪১২৫০৯২

মোঃ আলাউদ্দিন
সভাপতি
০১৭১৯৯৬৩৭১১